

## বিচার বিভাগ ও সংবিধান

### সুপ্রীম কোর্ট ও সংবিধান

বাংলাদেশ সংবিধানের ৯৪ নং অনুচ্ছেদে সুপ্রীম কোর্ট স্থাপন এবং এর দুইটি বিভাগ যথাক্রমে আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের গঠন সম্পর্কিত বর্ণনা প্রদান করা হয়েছে। উক্ত অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশের সর্বোচ্চ আদালত হবে সুপ্রীম কোর্ট। [সূত্র]

### প্রধান বিচারপতি ও অন্যান্য বিচারপতিদের নিয়োগ

সংবিধানের ৯৪ নং অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশের সর্বোচ্চ আদালতের প্রধান হবেন বাংলাদেশের প্রধান বিচারপতি এবং সংবিধানের ৯৫ নং অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশের প্রধান বিচারপতি এবং অন্যান্য বিচারপতিগণ রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হবেন। [সূত্র]

### অধস্তন আদালতের নিয়ন্ত্রণ

সংবিধানের ১০৯নং অনুচ্ছেদ অনুযায়ী অধস্তন সকল আদালত এবং ট্রাইব্যুনালের উপর হাইকোর্ট বিভাগের নিয়ন্ত্রণ এবং তত্ত্বাবধানের দায়িত্ব থাকবে। [সূত্র]

### অধস্তন আদালত স্থাপন

সংবিধানের ১১৪ নং অনুচ্ছেদে অধস্তন আদালত প্রতিষ্ঠা সম্পর্কিত বিধানাবলীর বর্ণনা প্রদান করা হয়েছে এবং সংবিধানের ১১৫নং অনুচ্ছেদের বিধান অনুযায়ী অধস্তন আদালতের বিচারক রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত